প্রশ্নঃ ২১৯. আমি জেনারেলে পড়া।আমি ইসলাম শিক্ষা বইয়ে পড়েছি আখিরাত, আল্লাহ, আল্লাহর প্রতি, তাঁর ফেরেশতাগণের প্রতি, আসমানি কিতাব, তাঁর সাক্ষাতে, তাঁর রাসুলদের প্রতি বিশ্বাস স্থাপন করা এবং শেষ দিবসে পুনরুত্থান ও তাকদিরের প্রতি বিশ্বাস স্থাপন করার নাম ইমান। আমাদের দেশে মুসলিম সবাই এটা বিশ্বাস করে।কিন্তু নামাজ পর্দা ইত্যাদি করে না। আমি একজনকে বলেছিলাম শেষ জামানায় ইমান ধরে রাখা কষ্টের হবে।ঘর হতে বের হয়ে ঘরে ইমান নিয়ে ফিরে আসা কষ্টের হবে। যেটা বর্তমানে হচ্ছে। আমরা শেষ জামানায় আছি। জবাবে সে উপরের কথাগুলো বলেছে। এগুলো বিশ্বাসের নাম ইমান। তাহলে আমি এগুলো বিশ্বাস করছি তার মানে আমার ইমান আছে। আমার প্রশ্ন হল আমি যেটা বলেছি এটা কি ভুল? সঠিক ভাবে ব্যাখ্যা করবেন যেন এটা আমি ওই মানুষের সামনে পেশ করতে পারি।

উপরোক্ত কথাগুলো বিশ্বাস করার পাশাপাশি কোরআন হাদিস দ্বারা অকাট্য প্রমাণিত কোন বিধান অস্বীকার না করলে ওই ব্যক্তি মুমিন হিসেবে গণ্য হবে, যদিও সে যথাযথ আমল না করে।

তবে ফরজ আমল গুলো ইচ্ছাকৃত ত্যাগ করলে কবিরা গুনাহ হবে। কবিরা গুনার শাস্তি ভয়াবহ। এজন্য পরিপূর্ণ ঈমানদার হতে হলে বিশ্বাস করার পাশাপাশি আমল করা আবশ্যক।

শুধু ঈমান থাকার কারণে ব্যক্তি জান্নাতে যাবে, তবে আমল না থাকার কারণে অসংখ্য শাস্তির সম্মুখীন হবে। আমল না থাকার কারণে মৃত্যুর সময় ঈমানহারা হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে।

## والله أعلم بالصواب

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: